চ্যান্সেলরের প্রবিধান

ক্যাটেগরি:	**সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস**	ইস্যুর তারিখ: ৬/২৬/২০১২	নম্বর: **D-160**
বিষয়:	শূন্যপদ পূরণসহ সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস-এর সদস্যপদ মনোনয়ন এবং নির্বাচন প্রক্রিয়া	Page:	1 of 2

পরিবর্তনের সারাংশ

এই প্রবিধানটি এর পোস্টিংয়ের তারিখ থেকে কার্যকর এবং এটি ২৪ মার্চ ২০১০ তারিখের প্রবিধান D-160-কে হালনাগাদ ও রদ করে।

পরিবর্তনসমূহ:

- সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস ("CCHS")-এ নির্বাচনে মনোনয়ন প্রার্থীদের যোগ্যতার ক্ষেত্রে নিম্নলিখিত শর্তাবলি পরিবর্তিত হয়েছে: মনোনয়ন প্রার্থীদের অবশ্যই বর্তমান হাই স্কুলের শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে। সিসিএইচএস-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। (পৃষ্ঠা 1, সেকশন I.A.1 দেখুন)।
- চ্যান্সেলরের প্রবিধান D-125 প্রসঙ্গ উল্লেখ করার জন্য স্বার্থের সংঘাত ধারা হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা ২ সেকশন 1.A.3.c দেখুন)
- প্রার্থীগণ এখন একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারেন। যদিও একাধিক আবেদনপত্র জমা দেওয়া অনুমোদিত, প্রার্থীরা একাধিক কাউন্সিলে কাজ করতে পারবেন না। আবেদন করার সময় যেসব প্রার্থী একাধিক কাউন্সিলের জন্য আবেদন করবেন, তাদেরকে তাদের অগ্রাধিকারক্রমে কাউন্সিলগুলো উল্লেখ করতে হবে। যেসব প্রার্থী শর্তাধীনে একাধিক কাউন্সিলে কাজ করার জন্য মনোনীত হবেন, তারা শর্তাধীনে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্য থেকে সবচেয়ে বেশি যে কাউন্সিলকে অগ্রাধিকার দিয়েছেন, সেটিতেই কাজ করবেন। (পৃষ্ঠা ২ সেকশন II.A দেখুন)
- সন্তান কোন্ স্কুলে বর্তমানে স্কুল করছে, প্রার্থীদেরকে আবদেনপত্রে তার তথ্য দিতে হবে। একেকজন প্রার্থীকে এ ধনের স্কুলের একেকজন প্রতিনিধি বলে বিবেচনা করা হবে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, তার প্রতিটি স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মর্জি অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে। (পৃষ্ঠা ২ সেকশন II.B দেখুন)
- নির্বাচন প্রক্রিয়ার জন্য উল্লিখিত পরিবর্তনগুলো করা হয়েছে: প্রক্রিয়া থেকে উপদেষ্টা ভোট বাতিল করা হয়েছে, এবং বরো প্রেসিডেন্টস কাউন্সিলের বর্ধিত সংশ্লিষ্টতা নিশ্চিত করার লক্ষ্যে মনোনয়ন ফোরাম পরিচালনার পদ্ধতি হালনাগাদ করা হয়েছে। (পৃষ্ঠা 2 -3, সেকশন IV দেখুন)
- যদি কোন প্রার্থীর ছেলেমেয়েরা ভিন্ন ভিন্ন বরোতে স্কুল করে, তাহলে সন্তান যেসব বরোতে স্কুল করছে, সেসব বরোর প্রতিটির ব্যালটে প্রার্থীর নাম থাকতে হবে। (পৃষ্ঠা 3, সেকশনV.A.1, ফুটনোট 4 দেখুন)
- একজন প্রার্থী যিনি বহু বরোতে স্কুলের প্রতিনিধিত্ব করেন, তাকে সিসিএচএস-এ প্রতিনিধিত্ব করার জন্য একটি বরোকে বেছে নিতে হবে। যদি একজন প্রার্থী একাধিক বরোর প্রতিনিধিত্ব করার জন্য শর্তসাপেক্ষে নির্বাচিত হন, তাহলে প্রার্থীকে অবশ্যই উল্লেখ করতে হবে ওই বরোগুলোর মধ্যে কোনটির প্রতিনিধিত্ব করবেন, এবং অবশিষ্ট বরোগুলোর জন্য তাকে বিবেচনা থেকে বাদ দেওয়া হবে। (পৃষ্ঠা 3, সেকশন V.A.2, ফুটনোট 5 দেখুন)
- যদি একই স্কুল থেকে বহু প্রার্থী নির্বাচনের ব্যাপারে বিধিনিষেধ আরোপের কারণে এক বা একাধিক পদ শূন্য থাকায় নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন প্রার্থী এবং ইতিমধ্যে সিসিএইচএস-এ যে স্কুলের কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। (পৃষ্ঠা 3 সেকশন V.A.3.b দেখুন)
- (যদি একই সময় একাধিক নির্বাচন নতুন করে করতে হয়ে, সে নির্বাচনগুলো একই সময় হতে হবে, তবে প্রবিধানের নিয়ম অনুযায়ী প্রার্থীদের বিভিন্ন গ্রুপে ভাগ করে করতে হবে। (পৃষ্ঠা 3 সেকশন V.A.3.d দেখুন)
- সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন ("সিসিএসই")-এর জন্য মনোনীত হতে আগ্রহী ব্যক্তিগণকে অবশ্যই ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস)-এ আবেদনপত্র জমা দিতে হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.B দেখুন)।

- সিসিএইচএস-এ সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (সিসিইএলএল)-এর পক্ষ থেকে মনোনীত হতে আগ্রহী ব্যক্তিকে অবশ্যই ফেইস-এ একটি আবেদনপত্র জমা দিতে হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.C দেখুন)।
- সিসিএইচএস-এ পাবলিক এডভোকেট-এর পক্ষ থেকে মনোনীত হতে আগ্রহী ব্যক্তিকে অবশ্যই পাবলিক এডভোকেটের অফিসে একটি আবেদনপত্র জমা দিতে হবে। (পৃষ্ঠা 4, সেকশন V.D দেখুন)।
- সিসিএইচএস-এর কোন শূন্য পদ পূরণের জন্য আগ্রহী ব্যক্তিকে অবশ্যই একটি আবেদনপত্র জমা দিতে হবে যে আবেদনপত্র সিসিএইচএস বা ফেইস-এ পাওয়া যেতে পারে। (পৃষ্ঠা 5, সেকশন IX.A.2 দেখুন)।
- যেসব জায়গায় অফিস ফর ফ্যামেলি এনগেজমেন্ট অ্যান্ড এডভোকেসি (ওফিয়া) উল্লেখ ছিলো, সেসব জায়গায় তা ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (ফেইস)-এ পরিবর্তিত হয়েছে।

সংক্ষিপ্তসার

সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস (“CCHS”) ১৩ জন ভোটিং সদস্য এবং একজন নন-ভোটিং শিক্ষার্থী সদস্য সমবায়ে গঠিত হয়। ১৩ জন ভোটিং সদস্যের মধ্যে রয়েছে: দশ জন সদস্য যারা পাবলিক হাই স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের পিতামাতা (অতঃপর “পিতামাতা সদস্য” হিসাবে অভিহিত)যাদের এই প্রবিধানে প্রতিষ্ঠিত পদ্ধতি অনুযায়ী নির্বাচন করা হয় ; সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (CCSE) কর্তৃক নিযুক্ত একজন সদস্য (অতঃপর “সিসিএসই নিযুক্ত” হিসাবে অভিহিত); সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স (CCELL) কর্তৃক নিযুক্ত একজন সদস্য (অতঃপর “সিসিইএলএল নিযুক্ত” হিসাবে অভিহিত); এবং পাবলিক অ্যাডভোকেট অভ দি সিটি অভ নিউ ইয়র্ক কর্তৃক নিযুক্ত একজন ভোটিং সদস্য (অতঃপর “পাবলিক অ্যাডভোকেট নিযুক্ত” হিসাবে অভিহিত)। এই প্রবিধান সিসিএইচএস সদস্য হওয়ার যোগ্যতার শর্ত এবং মনোনয়ন ও নির্বাচন প্রক্রিয়ার বিস্তারিত ব্যাখ্যা দেয়। এছাড়াও এটি শূন্যপদ পূরণের প্রক্রিয়াও ব্যাখ্যা করে। প্রতিটি সিসিএইচএস-কে ‘নিউ ইয়র্ক ওপেন মিটিং ল’ অনুযায়ী সকল দায়-দায়িত্ব পালন করতে হবে।

I. যোগ্যতা

A. পিতামাতা সদস্য এবং সিসিএসই, সিসিইএলএল, এবং পাবলিক এডভোকেট কর্তৃক নিযুক্ত

1. কেবলমাত্র বর্তমান হাই স্কুল শিক্ষার্থীদের[1] পিতামাতারা সিসিএইচএস-এর জন্য স্বমনোনয়ন দানে যোগ্য। সিসিএইচএস-এর কোন পদে প্রার্থী হওয়ার জন্য পিতামাতার আবেদনের তারিখ বিবেচনা করে যোগ্যতা নিশ্চিত করা হয়। আবেদন করার সময় যোগ্য, কিন্তু পদে আসীন থাকাকালে সন্তান সংশ্লিষ্ট স্কুল থেকে বের হয়ে গেলে সন্তানের স্কুল থেকে বের হয়ে যাওয়ার তারিখ থেকে পিতামাতা সংশ্লিষ্ট পাবলিক স্কুলের সিসিএইচএস-এ কাজ করার যোগ্যতা হারাবেন।[2]
2. নিচে উল্লিখিত ব্যক্তিগণ আইনত যোগ্য নন:
   a. নির্বাচিত জনপ্রতিনিধি কিংবা পার্টির পক্ষ থেকে নির্বাচিত বা মনোনীত পদাধিকারী ব্যক্তি (জাতীয়, স্টেট , বিচার বিভাগীয় বা অন্য কোন পার্টির কনভেনশনে, কিংবা কোন কাউন্টি কমিটিতে প্রতিনিধি বা বিকল্প প্রতিনিধি ছাড়া)।
   b. ডিপার্টমেন্ট অব এডুকেশনে (ডিওই) বর্তমান কর্মচারী;
   c. কোন দণ্ডযোগ্য অপরাধে শাস্তিপ্রাপ্ত ব্যক্তি, বা যাকে কোন সিটিওয়াইড কাউন্সিল বা কম্যুনিটি এডুকেশন কাউন্সিল (সিইসি) থেকে এসব সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে প্রত্যক্ষভাবে সম্পর্কিত অপকর্মের জন্য অপসরাণ করা হয়েছে, কিংবা সিটিওয়াইড কাউন্সিল বা সিইসি-এর সাথে সংশ্লিষ্ট কোন অপরাধের জন্য দণ্ডিত হয়েছেন; এবং
   d. যেসব ব্যক্তি অন্য কোন সিটিওয়াইড কাউন্সিলে বা সিইসি-তে আছেন।
3. এ ছাড়াও, নিম্নোল্লিখিত ব্যক্তিগণও যোগ্য নন :
   a. প্যানেল ফর এডুকেশন পলিসি-এর সদস্যগণ;
   b. পিএ/পিটিএ, স্কুল লিডারশিপ টিম, ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস কাউন্সিল, বরো হাই স্কুল কাউন্সিল, টাইটেল ওয়ান কমিটি থেকে, কিংবা কম্যুনিটি স্কুল বোর্ড থেকে এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি বা বোর্ড থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপকর্মের জন্য অপসরাণ করা হয়েছে কিংবা এসব অ্যাসোসিয়েশন, টিম, কাউন্সিল, কমিটি থেকে বা বোর্ড থেকে তাদের কাজের সাথে সরাসরি সম্পর্কিত কোন অপরাধে যারা দোষী সাব্যস্ত হয়েছেন; এবং

[1] পিতামাতা বলতে পিতা কিংবা মাতা (জন্মগত বা পালক, সৎ-পিতা বা তত্ত্বাবধানকারী), আইনগত অভিভাবক, বা যার সাথে সন্তানের পিতামাতাসুলভ সম্পর্ক আছে, এমন কোন ব্যক্তিকে বুঝায়। ছেলেমেয়ের সাথে পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি তিনি, যিনি পিতামাতা বা আইনগত অভিভাবকের স্থলে নিয়মিতভাবে সন্তানের সেবা ও তত্ত্বাবধানের জন্য সরাসরি দায়বদ্ধ থাকেন।

[2] সংবিধি অনুসারে সিসিএইচএস-এর সকল সদস্যকে পাবলিক হাই স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের পিতামাতা হতে হবে।

c. ডিওই-এর এথিক্স অফিসার বা চ্যান্সেলরের মনোনীত ব্যক্তি যেসব ব্যক্তিদের সাথে চ্যান্সেলরের প্রবিধান D-125 অনুযায়ী স্বার্থের দ্বন্দ্ব আছে বলে নিশ্চিত করেছেন।

B. শিক্ষার্থী

হাই স্কুল শিক্ষার্থী যারা তাদের দায়িত্বপালনের বছরে সিনিয়র হবে এবং যারা নিজেদের স্কুলের নির্বাচিত স্টুডেন্ট গভর্নমেন্টে রয়েছে তারা সিটিওয়াইড স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলে (CSAC) আবেদন জমা দেওয়ার মাধ্যমে স্বমনোনয়নদানের জন্য যোগ্য। এই প্রবিধান সংশ্লিষ্ট বিষয়ে আনুমানিক ৩০ হাই স্কুল ক্রেডিটসম্পন্ন একজন সিনিয়রকে বিবেচনা করা হবে।

II. পিতামাতার নমিনেশন

A. সিসিএইচএস-এ কাজ করতে আগ্রহী পিতামাতারা অনলাইনে একটি পূরণকৃত আবেদনপত্র www.nycparentleaders.org ঠিকানায় জমা দেবেন। প্রার্থীগণ একাধিক কম্যুনিটি এবং/অথবা সিটিওয়াইড এডুকেশন কাউন্সিলে আবেদন করতে পারবেন। যদিও একাধিক আবেদনপত্র জমা দেওয়া অনুমোদিত, প্রার্থীরা একাধিক কাউন্সিলে কাজ করতে পারবেন না। আবেদন করার সময় যেসব প্রার্থী একাধিক কাউন্সিলের জন্য আবেদন করবেন, তাদেরকে তাদের অগ্রাধিকারক্রমে কাউন্সিলগুলো উল্লেখ করতে হবে। যেসব প্রার্থী শর্তাধীনে একাধিক কাউন্সিলে কাজ করার জন্য মনোনীত হবেন, তারা শর্তাধীনে নির্বাচিত কাউন্সিলগুলোর মধ্য থেকে সবচেয়ে বেশি যে কাউন্সিলকে অগ্রাধিকার দিয়েছেন, সেটিতেই কাজ করবেন। ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (FACE)আবেদন জমা দেওয়ার সময়সীমা www.nycparentleaders.org ঠিকানায় পোস্ট করবে। যেসব পিতামাতার ইন্টারনেট ব্যবহারের সুযোগ নেই, তারা বিভিন্ন স্কুল ও স্থানীয় সংস্থাগুলোর তালিকার জন্য ফেইস-এ যোগাযোগ করতে পারেন, এসব স্কুল ও সংস্থা তাদেরকে ইন্টারনেট সংযোজিত কম্পিউটার ব্যবহারের সুযোগ দিতে পারবে।

B. সন্তান কোন্ স্কুলে বর্তমানে স্কুল করছে, প্রার্থীদেরকে আবদেনপত্রে তার তথ্য দিতে হবে। একেকজন প্রার্থীকে এ ধনের স্কুলের একেকজন প্রতিনিধি বলে বিবেচনা করা হবে। প্রার্থীগণ যেসব স্কুলের প্রতিনিধিত্ব করছেন, সেসব স্কুলের তথ্য প্রদান করতে ব্যর্থ হলে চ্যান্সেলরের মর্জি অনুযায়ী তাকে অযোগ্য বিবেচনার কারণ হিসেবে কাজ করতে পারে।

C. প্রত্যেক প্রার্থী আবেদনের অংশবিশেষ (নাম, যে হাই স্কুলে সন্তান যায়, জীবনবৃত্তান্ত ও কর্মকাণ্ডের বিবৃতি, এবং ব্যক্তিগত বিবৃতি) পিতামাতা ও সর্বজনের দেখার জন্য www.nycparentleaders.org ঠিকানায় পোস্ট করা হবে।

III. নির্বাচকমণ্ডলী

চ্যান্সেলরের প্রবিধান A-660 এর বাধ্যবাধকতা অনুসারে প্রাসঙ্গিক বরোর প্রতিটি হাই স্কুল থেকে তিনজন পিএ/পিটিএ কর্মকর্তা সিসিএইচএস-এর পিতামাতা সদস্য নির্বাচক হবেন।[3] পিএ/পিটিএ-এর কর্মকর্তাগণ যারা নির্বাচন প্রক্রিয়ায় প্রার্থী হবেন, তারা নির্বাচন প্রক্রিয়ায় ভোট দিতে পারবেন না। এই নির্বাচন প্রক্রিয়ায় পিএ/পিটিএ-কে অবশ্যই কর্মকর্তার ক্ষেত্রে এ ধরনের ভোট দেওয়ার জন্য একজন সদস্য মনোনীত করে দিতে হবে।

IV. প্রার্থী ফোরাম প্রক্রিয়া

A. সিসিএইচএস নমিনি ফোরাম - প্রতিটি বরোতে বরো হাই স্কুল প্রেসিডেন্টস কাউন্সিল ফেইস-এর সাথে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে একটি নমিনি ফোরাম আয়োজন করবে যেখানে সিসিএইচএস-এর প্রার্থীদেরকে নির্বাচকমণ্ডলী ও পিতামাতা এবং অন্যান্য আগ্রহীদের সামনে নিজেরদের বক্তব্য ও পরিচিতি তুলে ধরার সুযোগ দেওয়া হবে।

B. প্রার্থী ফোরাম আহ্বান করতে হবে প্রার্থী হওয়ার আবেদনপত্র জমা দেওয়ার পর, তবে নির্বাচনের বছরের দ্বিতীয় মঙ্গলবারে নির্ধারিত ভোটের দিনের আগে। বরো হাই স্কুল কাউন্সিল প্রেসিডেন্ট কাউন্সিল প্রার্থী ফোরামের জন্য একটি ডিওই-এর স্থান, তারিখ এবং উপযুক্ত সময় নির্ধারণ করবে, এবং প্রার্থী ফোরামের জন্য সকল পারমিট সংগ্রহ করবে। ফেইস নমিনি ফোরামের সাথে সংশ্লিষ্ট সকল পারমিট এবং অন্যান্য প্রয়োজনীয় সকল ব্যয় বহন করবে।

C. ফেইস বরো হাই স্কুল প্রেসিডেন্টস কাউন্সিলকে প্রার্থী ফোরামে বিলি করার জন্য সুনির্দিষ্ট সিসিএইচএস প্রার্থীদের ব্রোশিওর-এর কপি দেবে যেখানে ওই বরোর সিসিএইচএস প্রার্থীদের নাম ও নিজ নিজ পরিচিতি থাকবে। ফেইস নমিনি ফোরাম আয়োজনের জন্য প্রয়োজনানুযায়ী বাড়তি সহায়-সঙ্গতি দিয়ে সহায়তা করবে।

---

3 কো-প্রেসিডেন্ট, কো-সেক্রেটারি বা কো-ট্রেজারারের ক্ষেত্রে, পিএপিটিএ কার্যকরি বোর্ডের বাকী সব সদস্য মনোনীত করবেন কোন কো-অফিসার (সহকারী কর্মকর্তা) একজন নির্বাচক হিসেবে কাজ করবেন।

V. নির্বাচন প্রক্রিয়া

প্যারেন্ট মেম্বার (ভোটাধিকারসম্পন্ন নির্বাচন

1. ভোট দেওয়ার জন্য নির্বাচকদের www.nycparentleaders.org ঠিকানায় লগ ইন করতে হবে। Once logged in, each selector will be provided with a ballot containing the names of nominees for the CCHS who are representatives of schools located in the borough in which the selector's child attends school.[4] Each selector shall vote for two nominees. FACE will provide selectors with more detailed information regarding the submission of ballots.
2. যখন ব্যালট গণনা করা হবে:
   a. প্রত্যেক বরোর সর্বোচ্য ভোট লাভকারী দুই জন প্রার্থী যোগ্যতা প্রতিপাদনসাপেক্ষে শর্তাধীনভাবে নির্বাচিত বলে বিবেচিত হবেন।[5] তবে, কোনো স্কুলেরই সিসিএইচএস-এ একজনের বেশি পিতামাতা প্রতিনিধি থাকতে পারবে না, যার ব্যতিক্রম সেকশন V.A.2.b। যদি একই স্কুল থেকে একাধিক প্রার্থী নির্বাচিত হন, তাহলে সর্বোচ্য ভোট প্রাপ্ত প্রার্থী নির্বাচত বিবেচিত হবেন। স্কুলটি থেকে অপেক্ষাকৃত কম ভোট পাওয়া প্রার্থীদেরকে বিবেচনা থেকে অপসারণ করা হবে এবং ইতিমধ্যে কোন প্রতিনিধিত্ব নেই এমন স্কুলের পরবর্তী সর্বোচ্চ ভোট পাওয়া প্রার্থীকে সিসিএইচএস-এ শর্তাধীনে নির্বাচিত বলে গণ্য করা হবে।

   সেসব পরিস্থিতিতে V.A.2.a অনুচ্ছেদে বর্ণিত নিষেধাজ্ঞা প্রয়োগ করা হলে নির্বাচিতদের সংখ্যা দশজনের চাইতে কম হতে পারে, সেখানে এই ধারাটি প্রয়োগ করা যাবে না।
3. প্রার্থীদের মধ্যে টাই হলো (প্রার্থীরা সমান ভোট পেলে), কিংবা প্রাথমিকভাবে দশজনের কম মনোনীত হলে, পুনর্নির্বাচন অনুষ্ঠিত হবে। এ ধরনের পরিস্থিতিতে প্রত্যেক নির্বাচক একজন প্রার্থীকে ভোট দেবেন।
   a. সিসিএইচএস-এর এক বা একাধিক আসনে টাই হওয়ার কারণে যদি নতুন করে নির্বাচন করা আবশ্যক হয়, তাহলে শুধু টাই হয়েছে যেসব প্রার্থীদের মধ্যে, তারাই পুনর্নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন।
   b. যদি একই স্কুল থেকে বহু প্রার্থী নির্বাচনের ব্যাপারে সেকশন V.A.2.a অনুযায়ী বিধি নিষেধ আরোপের কারণে এক বা একাধিক পদ শূন্য থাকায় নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে ইতিমধ্যে নির্বাচিত হননি এমন সকল প্রার্থী এবং ইতিমধ্যে সিসিএইচএস-এ কোন প্রতিনিধি নেই, এমন স্কুলে পড়ুয়া ছেলেমেয়েদের পিতামাতারাও নতুন করে আয়োজিত নির্বাচনে অংশগ্রহণের যোগ্য হবেন। যদি পুনর্নির্বাচনের পরও সকল আসন পূর্ণ না হয়, তাহলে সেকশন V.A.2.b-এর ব্যতিক্রমী নিয়ম প্রয়োগ করা হবে।
   c. যদি সেকশন V.A.3.a এবং V.A.3.b প্রয়োগের কারণ ছাড়া অন্য কোন কারণে এক বা একাধিক আসন অপূর্ণ থাকার নতুন করে নির্বাচনের প্রয়োজন হয়, তাহলে যেসব প্রার্থী ইতিমধ্যে নির্বাচিত হননি, তারা পুনর্নির্বাচনে অংশগ্রহণ করার যোগ্য হবেন।
   d. উপরে উল্লিখিত সেকশন V.A.3.a, V.A.3.b এবং V.A.3.c-এর সাথে সামঞ্জস্যবিধান করার কারণে যদি একাধিক পুনর্নির্বাচন আবশ্যক হয়, তাহলে তা সেকশন V.A.3.a, V.A.3.b এবং V.A.3.c.-এ উল্লিখিত শর্তানুযায়ী একই সময়ে, কিন্তু ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত করে একাধিক নির্বাচন করতে হবে।
   e. যদি রান অফ নির্বাচন প্রক্রিয়ায় সব আসন পূর্ণ না হয়, তাহলে ডিপার্টমেন্ট অভ এডুকেশনের নির্বাচন প্রক্রিয়া পরিচালনাকারী স্বাধীন এজেন্ট

---

[4] যদি কোন প্রার্থীর ছেলেমেয়েরা ভিন্ন ভিন্ন বরোতে স্কুল করে, তাহলে সন্তান যেসব বরোতে স্কুল করছে, সেসব বরোর প্রতিটির ব্যালটে প্রার্থীর নাম থাকতে হবে।

[5] একজন প্রার্থী যিনি বহু বরোতে স্কুলের প্রতিনিধিত্ব করেন, তাকে সিসিএএচএস-এ প্রতিনিধিত্ব করার জন্য একটি বরোকে বেছে নিতে হবে। যদি একজন প্রার্থী একাধিক বরোর প্রতিনিধিত্ব করার জন্য শর্তসাপেক্ষে নির্বাচিত হন, তাহলে প্রার্থীকে অবশ্যই উল্লেখ করতে হবে ওই বরোগুলোর মধ্যে কোনটির প্রতিনিধিত্ব করবেন, এবং অবশিষ্ট বরোগুলোর জন্য তাকে বিবেচনা থেকে বাদ দেওয়া হবে।

উপর্যুক্ত সেকশন V.A.3.a, V.A.3.b, and V.A.3.c মোতাবেক যোগ্যতার অভিন্ন বিধিনিষেধ ব্যবহার করে লটারির মাধ্যমে বিজয়ী নির্ধারণ করবে। তবে, কোন প্রার্থী যদি প্রাথমিক নির্বাচন ও পুনর্নির্বাচন উভয়টিতেই কোন ভোট না পান, তাহলে কাউন্সিলের আসন শূন্য থেকে যাবে যা এই প্রবিধানের সেকশন IX.A.2 and IX.A.3 অনুযায়ী পূরণ করতে হবে।

4. যদি কোনো বরোর নির্বাচিত প্রার্থী নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর কিন্তু নির্বাচন বছরের ২৫ জুন তারিখে বা তার আগে অনুপযুক্ত বা অযোগ্য বিবেচিত হন, তাহলে প্রাথমিক নির্বাচন প্রক্রিয়ায় বরোর পরবর্তী সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রার্থী শর্তাধীনে নির্বাচিত বিবেচিত হবেন।[6] যদি উপরের নিয়মে নির্বাচন করায় প্রার্থীদের মধ্যে টাই হয়, তাহলে ডিপার্টমেন্ট অব এডুকেশনের পক্ষে নির্বাচন পরিচালনাকারী নিরপেক্ষ সংস্থা লটারির মাধ্যমে বিজয়ী নির্বাচন করবে। যদি যোগ্য কোন প্রার্থী নির্বাচনের জন্য পাওয়া না যায়, তাহলে সিসিএইচএস-এর একটি পদ শূন্য বলে ধরা হবে যা এই প্রবিধানের সেকশন IX.A.2 এবং IX.A.3 অনুযায়ী পূরণ করা হবে।

5. পিতামাতা সদস্য দুই বছর মেয়অদের জন্য নির্বাচিত হন এবং কতোবার নির্বাচিত হতে পারবেন, তা সীমাবদ্ধ নয়।

B. সিসিএসই কর্তৃক নিয়োগ

সিসিএসই একজন ভোটিং সদস্য নিয়োগ করবে যিনি হচ্ছেন ইনডভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রামযুক্ত একজন হাই স্কুল শিক্ষার্থীর পিতামাতা। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হবেন এবং তার মেয়াদ সীমা নেই। সিসিএইচএস-এ সিসিএসই নিযুক্তি হিসাবে কাজ করতে আগ্রহী ব্যক্তিগণ আবেদন ফরমের জন্য ফেইস-এর কাছে অনুরোধ জানাবেন এবং তাদের পূরণকৃত আবেদনের ফরম সিসিএসইর কাছে পাঠনর জন্য ফেইস-এ জমা দেবেন।

C. সিসিইএলএল কর্তৃক নিয়োগ

সিসিইএলএল একজন ভোটিং সদস্য নিয়োগ দেবে যিনি এনওয়াইসি হাই স্কুলে পরিচালিত দ্বিভাষিক অথবা ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাঙ্গুয়েজ কর্মসূচিতে অধ্যয়নরত শিক্ষার্থীর পিতামাতা। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হবেন এবং তার মেয়াদ সীমা নেই। সিসিইএস-এ সিসিইএলএল-এর নিযুক্তি হিসাবে কাজ করতে আগ্রহী ব্যক্তিগণ আবেদন ফরমের জন্য ফেইস-এর কাছে অনুরোধ জানাবেন এবং তাদের পূরণকৃত আবেদনের ফরম সিসিএসইর কাছে পাঠনর জন্য ফেইস-এ জমা দেবেন।

D. এনওয়াইসি পাবলিক এডভোকেটের নিযুক্তি

এনওয়াইসি পাবলিক এডভোকেট একজন ভোটিং সদস্য নিয়োগ দেবেন। সে সদস্যকে অবশ্যই সিটির বাসিন্দা হতে যার ব্যবসা, বাণিজ্য কিংবা শিক্ষাগত অভিজ্ঞতায় প্রচুর অভিজ্ঞতা ও জ্ঞানসম্পন্ন রয়েছে এবং যিনি নিউ ইয়র্ক সিটির স্কুলসমূহে লেখাপড়ার অগ্রগতিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে সক্ষম হবেন। এ ধরনের সদস্য দুই বছর মেয়াদের জন্য নির্বাচিত হবেন এবং তার মেয়াদ সীমা নেই। সিসিএইচএস-এর নিযুক্তি পেতে আগ্রহীদেরকে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে এনওয়াইসি পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

E. শিক্ষার্থী সদস্য নিয়োগ

চ্যান্সেলরের সিটিওয়াইড স্টুডেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল (CSAC) জমা দেওয়া আবেদনপত্র পর্যালোচনা করবে, সাক্ষাৎকার নিতে পারে, এবং একজন প্রার্থীকে নিয়োগদানের জন্য চ্যান্সেলরের কাছে সুপারিশ করবে।

VI. যোগ্যতা/উপযুক্ততার পর্যালোচনা

প্রার্থীদের শর্তাধীনে নির্বাচিত হওয়ার পরে, কিন্তু দায়িত্বভার গ্রহণের আগে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি নিশ্চিত করবেন যে তিনি সিসিএইচএস-এ কাজ করার যোগ্য কি-না। চ্যান্সেলর যদি নিশ্চিত করেন যে আইন অনুযায়ী প্রার্থীর যোগ্যতা নেই, তাহলে চ্যান্সেলরের লিখিত সিদ্ধান্ত ইস্যুর পরবর্তী সাত দিনের মধ্যে জনসাধারণের পর্যবেক্ষণের জন্য বরো-তে এবং ফেইস-এর সেন্ট্রাল অফিসে সংরক্ষণ করা হবে। ইস্যুকৃত এ ধরনের সিদ্ধান্তে ঘটনাগত ও আইনগত ভিত্তি অন্তর্ভুক্ত থাকবে। চ্যান্সেল কোন প্রার্থীকে অযোগ্য ঘোষণা করলে তার স্থলাভিষিক্ত হবেন পরবর্তী সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রার্থী, যদি-না তিনি

[6] যদি অযোগ্যতা নির্বাচনের বছরের ২৫ জুনের পর ঘটে, তাহলে এই প্রবিধানের সেকশন IX.A.2 এবং IX.A.3 প্রয়োগ হবে।

ইতিমধ্যে সিসিএইচএস-এ প্রতিনিধি আছে, এমন স্কুল থেকে এসে থাকেন।

VII. সময়সীমা

সিসিএইচএস বাছাই করা হবে মে ২০১১ সালের মাসের দ্বিতীয় মঙ্গলবার এবং এরপর থেকে প্রতি দুই বছর পর পর, বাছাই করার পর জুলাই মাসের ১ তারিখ থেকে মেয়াদ শুরু হবে। মনোনয়ন প্রক্রিয়া চলবে ৯০ দিনব্যাপী। এই সময়সীমার মধ্যে অন্তর্ভুক্ত আছে পদ্ধতি সম্পর্কে সবাইকে জানান, পিতামাতার মনোনয়ন, নমিনি ফোরাম এবং নির্বচকদের ভোট দেওয়া। ফেইস এই প্রবিধান বাস্তবায়নের জন্য যথাযথ সময়সীমা ঘোষণা করবে।

VIII. পদত্যাগ

A. পিতামাতা সদস্য এবং সিসিএসই, সিসিইএলএল, এবং পাবলিক এডভোকেট কর্তৃক নিযুক্ত

পিতামাতা সদস্য এবং সিসিএসই এবং সিসিইএলএল কর্তৃক নিযুক্তদের অবশ্যই চ্যান্সেলরৎ বরাবর লিখিতভাবে ইস্তফা দিতে হবে। চ্যান্সেলর তার পক্ষ থেকে পদত্যাগপত্র গ্রহণের জন্য ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট-এর চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারকে দায়িত্ব অর্পন করেছেন। সিসিএসই ও সিসিইএলএল কর্তৃক নিযুক্তরা নিয়োগদানকারী কাউন্সিলকেও ইস্তফার কথা অবহিত করবেন এবং সেই নোটিস নিয়োগদানকারী কাউন্সিলের বরাবর পাঠাবেন। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে চিফ ফ্যামেলি এনগেজমেন্ট অফিসারের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

B. পাবলিক এডভোকেটের নিযুক্তি

পাবলিক এডভোকেটের নিযুক্ত সদস্যের পদত্যাগপত্র পাবলিক এডভোকেটকে উদ্দেশ্য করে লিখিতভাবে জমা দিতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে সংশ্লিষ্ট পাবলিক এডভোকেটের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। পাবলিক এডভোকেটের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

C. শিক্ষার্থী সদস্য

শিক্ষার্থী সদস্যের ইস্তফা লিখিতভাবে চ্যান্সেলর বরাবর দিতে হবে। পদত্যাগপত্রে পদত্যাগের আগাম তারিখ, যা জমা দেওয়ার ৩০ দিনের বেশি হতে পারবে না, উল্লিখিত না থাকলে চ্যান্সেলরের কাছে পদত্যাগপত্র জমা দেওয়ার তারিখ থেকে পদত্যাগ কার্যকর হবে। চ্যান্সেলরের অনুমোদন ছাড়া পদত্যাগপত্র ফেরত নেওয়া, বাতিল করা, কিংবা সংশোধন করা যাবে না।

IX. পদশূন্যতা

A. পিতামাতা সদস্য এবং সিসিএসই, সিসিইএলএল, এবং পাবলিক এডভোকেট কর্তৃক নিযুক্ত

1. সিসিএইচএস-এর কোন সদস্য যিনি তার মেয়াদকালে যথাযথভাবে সভার কথা তাকে জানিয়ে দেওয়া সত্ত্বেও লিখিতভাবে যথার্থ কারণ না দেখিয়ে সিসিএইচএস-এর তিনটি সভায় উপস্থিত হতে অবহেলা করেন বা অনুপস্থিত থাকেন, তার পদ শূন্য হয়ে যাবে।.[7] প্রতিটি অনুপস্থিতি এবং লিখিত ব্যাখ্যা দাপ্তরিক বিবরণীতে লিপিবদ্ধ করা হবে। পাবলিক এডভোকেট নিযুক্ত সদস্যের সকল অনুপস্থিতি অবশ্যই পাবলিক এডভোকেটকে সিসিএইচএস-এর প্রশাসনিক কর্মকর্তা বা প্রেসিডেন্ট কর্তৃক জানাতে হবে। সিপাবলিক এডভোকেট নিযুক্ত সদস্যের সকল অনুপস্থিতি অবশ্যই পাবলিক এডভোকেটকে সিসিএইচএস-এর প্রশাসনিক কর্মকর্তা বা প্রেসিডেন্ট কর্তৃক জানাতে হবে। তৃতীয় অননুমোদিত অনুপস্থিতির পর সিসিএইচএস সিসিইএলএল আসনটিকে নিয়মিত সভায় সিদ্ধান্ত গ্রহণ করে শূন্য ঘোষণা করবে এবং চ্যান্সেলরকে (কিংবা ক্ষেত্র বিশেষে পাবলিক এডভোকেট, সিসিএসই, এবং সিসিইএলএল-কে) এই পদক্ষেপের কথা জানিয়ে

[7] নিম্নলিখিত বিষয়গুলি অনুপস্থিতির জন্য বৈধ কারণ হিসাবে গণ্য হয়ে থাকে: কোন আত্মীয়ের মৃত্যু বা আত্মীয়ের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশগ্রহণ; সিসিএইচএস সদস্য বা পরিবারের কারো মারাত্মক অসুখ বা আহত হওয়া; জুরি ডিউটিসহ বাধ্যতামূলক কোর্ট হাজিরা; মিলিটারি ডিউটি; চাকুরির সাথে সম্পর্কিত দ্বন্দ্ব যার কারণে সিসিএইচএস-এর সভায় অনুপস্থিতি থেকে রেহাই পাওয়া যায়নি; এবং অন্যান্য কারণ যা সিসিএইচএস-এ উপযুক্ত মনে করে।

দেবে।

2. সিসিএইচএস-এ যখন কোন পিতামাতার পদ শূন্য হয়, সিসিএইচএস-কে মেয়াদের অবশিষ্ট সময়ের জন্য কোন একটি উন্মুক্ত সভা থেকে সে পদ পূরণ করতে হবে। হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতাদের পিতামাতার শূন্য পদ পূরণের জন্য লিখিত সুপারিশ প্রদানের সুযোগ দেওয়া হবে; এবং শূন্য পদ পূরণের আগে সিসিএইচএস-এর সাথে মতবিনিময় করতে হবে। সিসিএইচএস-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট পদ পূরণে আগ্রহী পিতামাতাদেরকে অবশ্যই একটি আবেদনপত্র পূরণ করতে হবে। সংশ্লিষ্ট সিসিএইচএস বা ফেইস অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করা যেতে পারে।

3. টাই ভোটের ঘোষণা দেওয়ার ৬০ দিনের মধ্যে যদি সিসিএইচএস-এর পিতামাতাদের জন্য নির্দিষ্ট আসন পূরণ করা না হয়, তাহলে টাই ব্রেক করার জন্য চ্যান্সেলর ভোট দেবেন। যদি সিসিএইচএস ৬০ দিনের মধ্যে আসন পূরণ করতে ব্যর্থ হয়, তাহলে চ্যান্সেলর সে শূন্য আসন পূরণ করতে পারবেন।

4. সিসিএইচএস অথবা সিসিইএলএল নিযুক্ত কোন আসন শূন্য হলে কাউন্সিল মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য নিযুক্তি দেবে। সিসিএসই অথবা সিসিইএলএল-এর নিযুক্তি হিসাবে কাজ করতে আগ্রহী ব্যক্তিগণ আবেদন ফরমের জন্য ফেইস-এর কাছে অনুরোধ জানাবেন এবং তাদের পূরণকৃত আবেদনের ফরম সিসিএসই অথবা সিসিইএলএল-এর কাছে পাঠানর জন্য ফেইস-এ জমা দেবেন।

5. পাবলিক এডভোকেট নিযুক্ত কোন আসন শূন্য হলে পাবলিক অ্যাডভোকেট মেয়াদের অবশিষ্ট সময় কাজ করার জন্য একজন সদস্য নিযুক্ত করবেন। পাবলিক এডভোকেটের মনোনয়ন পেতে আগ্রহীদেরকে পাবলিক এডভোকেট অফিস থেকে একটি আবেদনপত্র সংগ্রহ করতে হবে এবং সে আবেদনপত্র পূরণ করে বরো পাবলিক এডভোকেটের অফিসে জমা দিতে হবে।

B. শিক্ষার্থী পদশূন্যতা

শিক্ষার্থী পদশূন্যতার ক্ষেত্রে, সিএসএসি ইতিপূর্বে বিবেচনার জন্য চ্যান্সেলরের কাছে স্বমনোনয়নকারী আরেকজন সিনিয়রকে মেয়াদের অবশিষ্ট সময় কাজ চালিয়ে যাওয়ার জন্য নিয়োগ দেবে। চ্যান্সেলর সিসিএইচএস এবং ফেইস অফিসকে তার নিযুক্তির কথা জানাতে হবে।

X. অভিযোগ প্রক্রিয়া

এই প্রবিধানের প্রতিপালন নিশ্চিত করার ব্যাপারে সকল অভিযোগ চ্যান্সেলর বরাবর লিখিতভাবে বিধিভঙ্গের পাঁচ দিনের মধ্যে জমা দিতে হবে এবং অবশ্যই এতে অভিযোগের কারণ সুনির্দিষ্টভাবে ব্যাখ্যা করতে হবে।

XI. কৌশলগত সহায়তা

ফেইস এই প্রবিধানের অন্তর্ভুক্ত প্রক্রিয়া বাস্তবায়নের ব্যাপারে তত্বাবধান করবে এবং প্রয়োজনীয় কৌশলগত সহায়তা প্রদান করবে।

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

ফোন::	*ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট* N.Y.C. Department of Education 49 Chambers Street – Room 503 New York, NY 10007	ফ্যাক্স:
212-374-2323		212-374-0076